

# রিয়ায়ুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৩৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫২৫]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৫৪: গীবত (পরনিন্দা) নিষিদ্ধ এবং বাক্ সংযমের নির্দেশ ও গুরুত্ব

(254) بَابُ تَحْرِيْمِ الْغِيْبَةِ وَالْأَمْرِ بِحِفْظِ اللِّسَانِ

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا، قَالَتْ: قُلْتُ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم: حَسْبُكَ مِنْ صَغَفِيَّةَ كَذَا وَكَذَا . قَالَ بَعْضُ الرُّوَاةِ: تَعْنِي قَصِيرَةً، فقالَ: «لَقَدْ قُلْتِ كَلِمَةً لَوْ مُزِجَتْ بِمَاءِ البَحْرِ لَمَزَجَتْهُ!» قَالَتْ: وَحَكَيْتُ لَهُ إِنْسَاناً فَقَالَ: «مَا أُحِبُّ أَنِّي حَكَيْتُ إِنْسَاناً وَإِنَّ لِي كَذَا وَكَذَا». رواه أَبُو داود والترمذي، وقال: حديث حسن صحيح .

#### বাংলা

১৫/১৫৩৩। আয়েশা (রাদিয়াল্লাহু আনহা) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললাম, 'আপনার জন্য সাফিয়ার এই এই হওয়া যথেষ্ট।' (কোন কোন বর্ণনাকারী বলেন, তাঁর উদ্দেশ্য ছিল, সাফিয়া বেঁটে।) এ কথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আমাকে) বললেন, "তুমি এমন কথা বললে, যদি তা সমুদ্রের পানিতে মিশানো হয়, তাহলে তার স্বাদ পরিবর্তন করে দেবে!"

আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, একদা তাঁর নিকট একটি লোকের পরিহাসমূলক ভঙ্গি নকল করলাম। তিনি বললেন, "কোন ব্যক্তির পরিহাসমূলক ভঙ্গি নকল করি আর তার বিনিময়ে এত এত পরিমাণ ধনপ্রাপ্তি হই, এটা আমি আদৌ পছন্দ করি না।" (আবু দাউদ, তিরমিয়ী হাসান সহীহ) [1]

এর ভাবার্থ হল, তার সাংঘাতিক দুর্গন্ধ ও নিকৃষ্টতার কারণে সমুদ্রের পানিতে মিশে তার স্বাদ অথবা গন্ধ পরিবর্তন করে দেয়। এই উপমাটি গীবত নিষিদ্ধ হওয়া ও তা থেকে সতর্কীকরণের ব্যাপারে অত্যন্ত প্রভাবশালী ও পরিণত বাক্য। আল্লাহ তা'আলা বলেন.

﴿ وما ينطق عن الهوى، إن هو إلا وحي يوحي ﴾ (النجم: ٣، ٤)

অর্থাৎ (আমার নবী) মনগড়া কথা বলে না, (সে যা কিছু বলে) তা প্রত্যাদেশ-কৃত ওহী ব্যতীত আর কিছুই নয়। (সূরা নাজম ৩-৪ আয়াত)



## **English**

(254) Chapter: The Prohibition of Backbiting and the Commandment of Guarding one's Tongue

'Aishah (May Allah be pleased with her) said:

I said to the Prophet (ﷺ): "Such and such thing of Safiyyah (May Allah be pleased with her) is sufficient for you." (She means to say that she was a woman with a short stature). He said, "You have indeed uttered a word which would pollute the sea if it were mixed in it." She further said: I imitated a person before him and he said, "I do not like that I should imitate someone even (if I am paid) in return such and such."

[Abu Dawud and At-Tirmidhi].

Commentary: In Arabic, the word "Muhakat" is often used for imitating someone's defect or deformity, etc. Every imitation of this kind also amounts to backbiting. This is the reason the Prophet (PBUH) used the analogy stated in this Hadith when `Aishah (May Allah be pleased with her) said that Safiyyah (May Allah be pleased with her) was short-statured. Imam An-Nawawi regarded this analogy as based on Wahy and supported his contention by the Verse of the Qur'an: "Nor does he speak of (his own) desire. It is only a Revelation revealed." Thus, it is evident from this Hadith that to speak of somebody in a scornful manner, or ridicule someone's physical defect, or to imitate someone's deformity, or talk disparagingly about someone, is a great offense which should be avoided by every Muslim.

## ফুটনোট

[1] আবূ দাউদ ৪৮৭৫, তিরমিয়ী ২৫০২, আহমাদ ২৫০৩২

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন